



বুলেটিন নং-আমন/২৫-০০৫

তারিখঃ ১৪/০৯/২০২৫

আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ সেপ্টেম্বর, ২০২৫)

সর্বোচ্চ কুশি (Maximum Tillering) পর্যায়ে করণীয়:

- আমন মওসুমে ধানের সর্বোচ্চ কুশি বৃদ্ধির সময় জমিতে ৩-৫ সেমি এর বেশি পানি রাখা উচিত নয়। বৃষ্টির পূর্বাভাস পর্যবেক্ষণ করে প্রয়োজনে এ সময় পর্যায়ক্রমে ভিজানো এবং শুকানো পদ্ধতি অবলম্বন করা যেতে পারে।
- জমিতে সর্বোচ্চ কুশি গজানো পর্যায়ে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা ও বাদামি গাছফড়িং এর আক্রমণ হতে পারে।
 - ✓ জমিতে যদি ১০% মরা ডিগ অথবা প্রতি স্কয়ার মিটারে ২-৩ টি স্ত্রী মথ দেখা যায় তাহলে অনুমোদিত কীটনাশক যেমন- ভায়াগো ২০ এসসি (টেট্রানিলিপোল ২০%) প্রতি লিটার পানিতে ১ মি.লি. মিশিয়ে প্রয়োগ করতে হবে। আক্রমণের মাত্রা বেশী হলে ১০-১৪ দিন পর দ্বিতীয়বার জমিতে পুনরায় প্রয়োগ করতে হবে।
 - ✓ জমিতে পাতা মোড়ানো পোকা দ্বারা ২৫% পাতা ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত কীটনাশক যেমন-সেভিন ৮৫ এসপি (কার্বারিল) প্রতি লিটার পানিতে ১-১.৫ গ্রাম মিশিয়ে স্প্রে করতে হবে।
 - ✓ জমিতে যদি বাদামি গাছফড়িং এর উপস্থিতি লক্ষ্য করা যায় তাহলে জমি থেকে দাঁড়ানো পানি ১-২ দিনের জন্য বের করে দিতে হবে এবং অনুমোদিত কীটনাশক যেমন-পাইরাজিন ৭০ ডব্লিউডিজি প্রতি ১০ লিটার পানিতে ৪ গ্রাম কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করলে ভালো ফল পাওয়া যাবে।
- ধান গাছের এ পর্যায়ে কোন কোন জায়গায় স্পষ্টভাবে বাকানি রোগের লক্ষণ প্রকাশ পেতে পারে। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত কুশি গুলো ভেঙে দিতে হবে। খোলপোড়া রোগের লক্ষণ প্রকাশ পেলে জমি শুকিয়ে দিয়ে বিঘা প্রতি ৫ কেজি অতিরিক্ত পটাশ সার প্রয়োগ করতে হবে।

তৈরি ও প্রচারে: ব্রি এগ্রোমেট ল্যাব

যোগাযোগ করুন: উপজেলা কৃষি অফিস / উপসহকারী কৃষি কর্মকর্তা

ব্রি হেল্পলাইন: ০৯৬৪৪৩০০৩০০